-৫২- ৪
22

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ১ম সভার কার্যবিবরণী

এস.আর.ও নং ৮২-আইন/৯২-পানি সম্পদ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ১২ নং আইন) এর ৬নং ধারা অনুযায়ী গঠিত পরিচালনা বোর্ডের প্রথম সভা ৩রা ভাদ্র, ১৩৯৯ বাং / ১৮ই আগষ্ট, ১৯৯২ ইং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবর্গের তালিকা সংযুক্ত করা হইল (সংলগ্নী-১)।

২। সভার শুরুতে পরিচালনা বোর্ডের সদস্য-সচিব (পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মহা পরিচালক) পরিচালনা বোর্ডের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও সদস্যবর্গকে পরিচালনা বোর্ডের প্রথম সভায় স্বাগত জানান। অত্র সংস্থার আদি সংস্থা হিসাবে মহা পরিকল্পনা সংস্থা প্রতিষ্ঠা ও ১৯৮৩-৯১ পর্যন্ত কাজের সংক্ষিপ্ত বর্ণনা এবং ধারাবাহিক ভাবে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা প্রতিষ্ঠার বিবরণ ও তাহার উপর অর্পিত দায়িত্বের কথা সংক্ষেপে বর্ননা করেন (সংলগ্নী-২)। অতঃপর মন্ত্রী মহোদয় তাহাকে সভার কার্য্যপত্রের সূচীপত্র অনুযায়ী আলোচনা শুরু করার জন্য আহবান জানান।

## ৩। আলোচ্য বিষয় নং- ১

**(পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী বিধি ও নিয়োগ বিধি অনুমোদন প্রসংগে)**

<u>আলোচনা</u>

মহা-পরিচালক জানান যে, এই প্রবিধানমালা প্রণয়নে সরকারের সংস্থাপন মন্ত্রণালয়ের অনুমোদিত মডেল, পাউবো ও নদী গবেষনা ইনষ্টিটিউটের খসড়া প্রবিধানমালা অনুসরন করা হইয়াছে। তিনি জানান যে এই সংবিধানে সংস্থাপন মন্ত্রণালয়ের খসড়া আদর্শ চাকুরী প্রবিধানমালার অনুচ্ছেদ ১২(২), ১৪(৬), ১৫(৩) ও ১৬(৫) সংস্থার কাজের স্বার্থে কিঞ্চিৎ পরিবর্তন করা হইয়াছে এবং সংক্ষেপে তিনি উক্ত পরিবর্তনের কারন সমূহও ব্যাখ্যা করেন।

পরিকল্পনা কমিশনের সদস্য (সেচ) বলেন যে যেহেতু ইহা একটি বিশেষজ্ঞ পর্যায়ের সংস্থা সেহেতু তাহার চাকুরী বিধিও একটু ভিন্নতর হওয়া উচিত, সুতরাং একটি কমিটি গঠন করিয়া উহা সংস্থার উপযোগী কিনা তাহা পরীক্ষা করার প্রস্তাব করেন।

সচিব, সড়ক ও সড়ক পরিবহন বলেন যে যেহেতু ইহা একটি বিশেষজ্ঞ পর্যায়ের সংস্থা সেহেতু প্রবিধানমালায় কর্মকর্তা/কর্মচারীদের জন্য "incentive" থাকা উচিৎ যাহাতে মেধা সম্পন্ন ও প্রতিভাবান লোকজনদের সংস্থায় রাখার জন্য আকৃষ্ট করা যায়।

সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের সচিব মতামত দেন যে, সংস্থার বিভিন্ন পর্যায়ের কাজ সুচারুরূপে ও যথাযথভাবে সম্পন্ন করার জন্য প্রতিভাবান ও মেধা সম্পন্ন বিশেষজ্ঞদের সংস্থায় আকর্ষন করিতে প্রবিধানমালায় তাহাদের জন্য যথেষ্ট incentive দেওয়া প্রয়োজন যাহাতে সংস্থার কাজে তাহারা নিবিষ্ট চিত্তে কাজ করার উৎসাহ বোধ করেন। তিনি চুক্তি ভিত্তিক লোক নিয়োগের ব্যবস্থা প্রবিধানমালায় রাখার জন্যও জোর দেন। তিনি আরও জানান যে, পরিচালনা বোর্ড অনুমোদন দিলে সেচ মন্ত্রণালয় উক্ত প্রবিধানমালা সংস্থার উপযোগী কিনা পরীক্ষা-নিরীক্ষা করিয়া সরকারের নিকট অনুমোদনের জন্য পেশ করিবে।

নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব মতামত দেন যে, উক্ত সংস্থার জন্য উপযুক্ত লোক নিয়োগের জন্য প্রবিধানমালায় অতিরিক্ত ধারা সংযোজন করা আবশ্যক যেন বিশেষজ্ঞ পর্যায়ের লোক চুক্তি ভিত্তিক নিয়োগ করা যায়। তিনি উল্লেখ করেন যে, প্রবিধানমালা পরীক্ষা করার জন্য কমিটি নিয়োগ করিলে অত্যধিক সময় ক্ষেপন করা হইবে, বরং সংশ্লিষ্ট মন্ত্রণালয় উহা পরীক্ষা নিরীক্ষা করিয়া সরকারের অনুমোদনের জন্য পেশ করিতে পারে।

<u>সিদ্ধান্ত</u>

(ক) সেচ মন্ত্রণালয় খসড়া চাকুরী প্রবিধানমালা পরীক্ষা করিয়া অনুমোদনের জন্য ব্যাখ্যাসহ সরকারের নিকট পেশ করিবে।

(খ) উক্ত প্রবিধানমালায় চুক্তি ভিত্তিক লোক নিয়োগের ব্যবস্থা এবং প্রতিভাবান ও মেধা সম্পন্ন বিশেষজ্ঞদের আকৃষ্ট করিবার জন্য যথেষ্ট incentive এর ব্যবস্থা রাখিতে হইবে।

(গ) দেশী বিশেষজ্ঞদের আকৃষ্ট করার জন্য তাহাদের বেতন ভাতা বিদেশী বিশেষজ্ঞদের সহিত তুলনামূলকভাবে সামঞ্জস্যপূর্ণ রাখিতে হইবে।

## ৪। আলোচ্য বিষয় নং- ২

**(পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর পেনশন বিধি, ভবিষ্য-তহবিল বিধি এবং কল্যান তহবিল ও গোষ্ঠী বীমা বিধি অনুমোদন প্রসংগে)**

আলোচনা

এই কার্যপ্রণালীতে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পেনশন বিধি, ভবিষ্য-তহবিল বিধি এবং কল্যান তহবিল ও গোষ্ঠীবীমা বিধি অনুমোদন প্রসংগে সংক্ষিপ্ত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত

কার্য্যপ্রণালী সূচীর ১ নং আলোচ্য সূচীর (ক) সিদ্ধান্তের অনুরূপ।

## ৫। আলোচ্য বিষয় নং- ৩

**(পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পন প্রসংগে)**

আলোচনা

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাদের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পনের বিভিন্ন দিক নিয়া সংক্ষিপ্ত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত

ইহা সেচ মন্ত্রণালয়ের প্রশাসনিক ক্ষমতার আওতাভুক্ত বিধায় এই মন্ত্রণালয় উহা পরীক্ষা করিয়া সরকারের অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবেন।

25



৬। আলোচ্য বিষয় নং- ৪

(পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য অনুমোদন প্রসংগে (Duties and Responsibilities)।

আলোচনা

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য (job description) সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত

সেচ মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী উক্ত সংস্থার উপর অর্পিত দায়িত্ব যাহাতে সুচারুরূপে সম্পন্ন করা যায় সেইভাবেই সংস্থার কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্য নিরূপন করা প্রয়োজন বিধায় অত্র মন্ত্রণালয়ই এ বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করিয়া উহা অনুমোদনের ব্যবস্থা নিবে।

৭। আলোচ্য বিষয় নং- ৫

(পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর সেট-আপের আংশিক পরিবর্তন ও পরিবর্ধনের প্রস্তাব)

আলোচনা

এই পর্যায়ে সংস্থার মহা-পরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থার অনুমোদিত সেট আপের আংশিক পরিবর্তন ও পরিবর্ধনের প্রস্তাব পেশ করেন। তিনি জানান যে সংস্থার অনুমোদিত সেট আপে কোন ইলেকট্রিসিয়ান ও যানবাহন কারিগর এর সংস্থান রাখা হয় নাই কিন্তু সংস্থায় যথেষ্ট সংখ্যক বৈদ্যুতিক যন্ত্রপাতি ও যানবাহন রহিয়াছে যাহার পরিচালনা ও মেরামতের অভাবে সংস্থার কাজে বিঘ্ন হইতেছে। তিনি আরও উল্লেখ করেন যে, সংস্থার চারিতলা ভবনের জন্য একজন সুইপারের ব্যবস্থা আছে যাহা অপ্রতুল। তিনি জানান যে সংস্থায় প্রচুর যন্ত্রপাতি ও বিভিন্ন ধরনের মূল্যবান দ্রব্যাদি রহিয়াছে কিন্তু ষ্টোর-কিপারের সংস্থান

নাই। তিনি আরও উল্লেখ করেন যে, সংস্থার বিভিন্ন সেকশনের কাজের জন্য কর্মকর্তা/কর্মচারীদের অফিসে-আসা যাওয়া ও সর্বোপরি মাঠ পর্যায় হইতে বিভিন্ন উপাত্ত সংগ্রহের জন্য সর্বমোট ১৫টি চালু যানবাহন আছে, কিন্তু সেটআপে ১০টি গাড়ী চালক এর সংস্থান রাখা আছে। সংস্থার দায়িত্ব ও কর্তব্য সঠিক ভাবে পরিচালনের জন্য ও ড্রাইভারের ছুটি ও অসুস্থতা জনিত কারনের জন্য অতিরিক্ত ৬টি পদের অনুমোদন প্রয়োজন। সংস্থায় টেলিফোনের পিবিএক্স আছে কিন্তু টেলিফোন অপারেটরের কোন ব্যবস্থা না থাকায় পিবিএক্স সিষ্টেম চালু করা সম্ভব হয় নাই বলিয়া তিনি উল্লেখ করেন। তিনি আরও জানান যে একজন নকশাকার দ্বারা সংস্থার কাজ পরিচালনায় বিশেষ অসুবিধা হইতেছে।

সভায় আলোচনা হয় যে, সেট আপ অনুমোদনের পর প্রাথমিক ভাবে সংস্থার কাজ আরম্ভ করা হইয়াছে সুতরাং বর্তমান সেটআপে আরও কাজ চালানো যাইতে পারে। পরবর্তী কালে যদি কাজ সম্পাদনে বিঘ্ন সৃষ্টি হয় তাহা হইলে উহা নিরসনের ব্যবস্থা নেওয়া যাইবে। তবে সংস্থার প্রাথমিক অবস্থায় যে পদগুলির অভাবে কাজের অগ্রগতি ব্যাহত হইতেছে সেই পদগুলির জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>সিদ্ধান্ত</u>**

(ক) নকশাকার গ্রেড-সি এর একটি অতিরিক্ত পদের অনুমোদন দান।

(খ) অনুমোদিত সেট আপে সংস্থানকৃত তিনটি স্বাট-লিপিকার/পি.এ এর মধ্যে একটির পরিবর্তে ষ্টোর কিপার-পদের অনুমোদন দান।

(গ) সংস্থার সুষ্ঠ কাজের জন্য অতিরিক্ত আরও ৬টি গাড়ীচালকের ব্যবস্থা সেটআপে করা যাইবে। তবে এ বিষয়ে কাজের ব্যাখ্যা সহ একটি প্রস্তাব মন্ত্রণালয়ে পেশ করিতে হইবে; কাজের অগ্রগতি যাহাতে ব্যাহত না হয় সেইজন্য মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে অতিরিক্ত ৬ জন গাড়ী চালক চুক্তি ভিত্তিক পদ্ধতিতে নিয়োগ করা যাইতে পারে।

(ঘ) বৈদ্যুতিক কারিগর (Electrician) এর প্রয়োজন সব সময় হয় না, তাই প্রয়োজন মাফিক কনটিনজেন্সি খাতে চার্জ করিয়া একজন বৈদ্যুতিক কারিগর নেওয়ার অনুমোদন দেওয়া হয়।

(ঙ) সুইপারের পদ ও নিয়মিত সেট আপে না রাখিয়া কনটিনজেন্সি খাতে চার্জ করিয়া খন্ডকালিন একজন সুইপার নিয়োগ করার অনুমোদন দেওয়া হয়।

(চ) টেলিফোন অপারেটরের একটি পদ অনুমোদন করা হয়।

৮। <u>আলোচ্য বিষয় নং- ৬</u>

(ওয়ারপো এর জন্য সৃষ্ট বিভিন্ন পদে পদোন্নতি/নিয়োগ এর জন্য বাছাই কমিটি গঠন)

<u>আলোচনা</u>

বিষয় সূচীতে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার বিভিন্ন পদে কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি/নিয়োগের জন্য খসড়া বাছাই কমিটি পেশ করা হয়। সংক্ষিপ্ত আলোচনার পর নিম্নবর্ণিত তিনটি কমিটি গঠন করা হয়।

<u>সিদ্ধান্ত</u>

(ক) <u>বাছাই কমিটি নং- ১</u>

এই কমিটি প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে নিয়োগ/পদোন্নতি বিবেচনা করিবে।

সভাপতি :- অতিরিক্ত সচিব, সেচ,পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

মন্ত্রণালয়ের প্রতিনিধি :- যুগ্ম সচিব (প্র:), সেচ,পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, ঢাকা।

সদস্য :- যুগ্ম সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

সদস্য :- পরিচালক (জ্যেষ্ঠতর), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা।

সদস্য-সচিব :- সচিব, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা।

বাছাই কমিটির সুপারিশ মোতাবেক মন্ত্রণালয় নিয়োগ/পদোন্নতি অনুমোদন করিয়া দপ্তরাদেশ জারী করিবেন।

## (খ) বাছাই কমিটি নং- ২

এই কমিটি সংস্থার অন্যান্য প্রথম শ্রেনীর পদে নিয়োগ/পদোন্নতি বিবেচনা করিবে।

সভাপতি :- মহা পরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা

মন্ত্রণালয়ের প্রতিনিধি :- যুগ্ম সচিব (প্রশাসন), সেচ,পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

সদস্য :- পরিচালক (কনিষ্ঠতর), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা।

সদস্য :- উপ-সচিব (প্রশাসন), সংস্থাপন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

সদস্য-সচিব :- সচিব, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা।

বাছাই কমিটির সুপারিশ মোতাবেক মহা পরিচালক নিয়োগ/পদোন্নতি অনুমোদন করিয়া দপ্তরাদেশ জারী করিবেন।

২৯

(গ) **বাছাই কমিটি নং- ৩**

এই কমিটি সংস্থার অন্যান্য ২য়, ৩য় ও ৪র্থ শ্রেনীর পদে নিয়োগ/পদোন্নতি বিবেচনা করিবে।

| | | |
|---|---|---|
| সভাপতি | :- | পরিচালক (জৈষ্ঠতর), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা |
| সদস্য | :- | মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (জৈষ্ঠতম), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো,) ঢাকা। |
| সদস্য | :- | উর্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা (জৈষ্ঠতম), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা। |
| মন্ত্রণালয়ের প্রতিনিধি | :- | উপ-সচিব (প্রশাসন), সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা। |
| সদস্য-সচিব | :- | উপ-সচিব (প্রশাসন), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো), ঢাকা। |

বাছাই কমিটির সুপারিশ মোতাবেক মহা পরিচালক নিয়োগ/পদোন্নতি অনুমোদন করিয়া দপ্তরাদেশ জারী করিবেন।

## ৯। আলোচ্য বিষয় নং- ৭

**(পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর মহা পরিচালক পদের বেতন স্কেল উন্নীত করনের প্রস্তাব)**

### আলোচনা

এই পর্যায়ে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মহা পরিচালকের বেতন স্কেল ও সেট আপের অর্গানোগ্রাম সমন্বন্ধে আলোচনা করা হয়। মহা পরিচালক অবহিত করেন যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের অধীনস্ত নদী গবেষনা ইনষ্টিটিউটের মহা পরিচালকের বেতন স্কেল বেতন ক্রমের সর্বোচ্চ ধাপে রাখা হইয়াছে অথচ পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মহা পরিচালকের দায়িত্ব দেশের পানি

সম্পদের বিজ্ঞান ভিত্তিক ব্যবহার ও সংরক্ষন সম্পর্কিত জাতীয় কৌশল ও নীতি নির্ধারন করার মতো গুরুত্বপূর্ণ তথাপি তাহার বেতন স্কেল বেতন ক্রমের ২য় ধাপে রাখা হইয়াছে। একইভাবে পরিচালক / প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তাদের সংগে একই বেতন ক্রমে (৩য় ধাপে) রাখা হইয়াছে, যদিও নদী গবেষনা ইনষ্টিটিউটে পরিচালকদের ২য় ধাপে রাখা হইয়াছে। সংক্ষিপ্ত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত</u>

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার মহা পরিচালকের বেতন স্কেল সর্বোচ্চ ধাপে এবং পরিচালকদ্বয়ের বেতন স্কেল ২য় ধাপে রাখার অনুমোদন দেওয়া হয়। সেই মোতাবেক পানি সম্পদ পরিকল্পনা সংস্থার অর্গানোগ্রাম নিম্নরূপ হইবে

মহা পরিচালক
(বেতন স্কেল টা: ১০,০০০/- নির্ধারিত)

- পরিচালক (বেতন স্কেল টা: ৮,৬০০-৯,৫০০/- নির্ধারিত)
  - প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা) (বেতন স্কেল টা: ৭,৮০০-৯,০০০০/- নির্ধারিত)
- পরিচালক (বেতন স্কেল টা: ৮,৬০০-৯,৫০০/- নির্ধারিত)
  - প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (কারিগরী) (বেতন স্কেল টা: ৭,৮০০-৯,০০০/- নির্ধারিত)

১০। <u>আলোচ্য বিষয় নং- ৮</u>

(পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর কনসালটেন্সী কাজ করার অনুমোদন প্রসংগে)

<u>আলোচনা</u>

মহা-পরিচালক পানি সম্পদ পরিকল্পনা সংস্থার জন্য একটি দক্ষ জনশক্তি গড়িয়া তোলার লক্ষ্যে তাহাদের দায়িত্বের অতিরিক্ত হিসাবে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ

31

বি.আর.টি.সির অনুরূপ দেশের পানি সম্পদ কমকান্ডের কনসালটেন্সী কাজ করার অনুমোদন দানের প্রস্তাব পেশ করেন। এই বিষয়টি বিশদভাবে আলোচনা করা হয়। বর্তমানে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার উপর অর্পিত কাজের চাপের মধ্যে তাহাদের দায়িত্বের অতিরিক্ত হিসাবে কনসালটেন্সী কাজ করার অবকাশ কম।

<u>সিদ্ধান্ত</u>

উপরোক্ত আলোচনার পরিপ্রেক্ষিতে বিষয়টির উপর সিদ্ধান্ত গ্রহন আপাতত: স্থগিত রাখা হয়।

পরিশেষে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানাইয়া সভার পরিসমাপ্তি ঘোষনা করেন।

২০.৯.৯২

মোঃ তসলিম উদ্দিন
মহা পরিচালক (চলতি দায়িত্ব)
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
ও
সদস্য সচিব
পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

২৩/৯/৯২

(মেজর জেনারেল ~~[illegible]~~) এম.মজিদ-উল-হক (অব:) এনডিসি
চেয়ারম্যান
পরিচালনা বোর্ড
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

স্মারক নং ওয়ারপো/বোর্ড-৯/স(২)/১৯৮৯ তাং ৫/১০/৯২ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হইল :-

১। সচিব, সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

২। সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৩। সচিব, স্থানীয় সরকার মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৪। সচিব, সড়ক ও সড়ক পরিবহন মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৫। সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৬। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৭। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা ও সদস্য, পরিচালনা বোর্ড।

৮। সদস্য (সেচ), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা ও ভাইস-চেয়ারম্যান, পরিচালনা বোর্ড।

৯। মহা পরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, উত্তরা, ঢাকা ও সদস্য-সচিব, পরিচালনা বোর্ড।

৪/১০/৯২

(মোঃ তসলিম উদ্দিন)
মহা পরিচালক (চলতি দায়িত্ব)
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা